



**স্কুল অব বিজনেস**  
**School of Business**  
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
**Bangladesh Open University**

বাউবি/এসওবি/২০২০/১০৭৪৫

তারিখ: ২৭/০১/২০২০

প্রেরক : অধ্যাপক মোস্তফা আজাদ কামাল  
 ডীন  
 স্কুল অব বিজনেস, বাউবি।

*(Handwritten signature and date: ২৭/০১/২০২০)*

প্রাপক : আঞ্চলিক পরিচালক  
 ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/বগুড়া  
 যশোর/বরিশাল/খুলনা/ফরিদপুর আঞ্চলিক কেন্দ্র, বাউবি।  
 ও  
 উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক  
 দিনাজপুর/পাবনা উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।

বিষয় : BBA প্রোগ্রামের শিক্ষার্থীদের Viva-Voce দুই স্তরে ৪র্থ লেভেল এবং ৮ম লেভেলে বিভাজনপূর্বক (০২ দুই) পর্বে গ্রহণ প্রসঙ্গে।

জনাব,

আপনি অবগত আছেন যে, স্কুল অব বিজনেস পরিচালিত BBA প্রোগ্রামটি ৮ (আট) সিমস্টার বিশিষ্ট প্রোগ্রাম। ইতোমধ্যে ১৮২ সিমস্টার (২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম) লেভেল এর চূড়ান্ত পরীক্ষা গত ০৩/০১/২০২০ তারিখে শেষ হয়েছে। যেসব শিক্ষার্থী ১৮২ সিমস্টার (৪র্থ ও ৮ম) লেভেলে Viva-Voce পরীক্ষায় অংশগ্রহণ করবেন তাদের Viva-Voce ফরম ২০/০২/২০২০ইং তারিখের মধ্যে পূরণ পূর্বক রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা আগামী ২৪/০২/২০২০ তারিখের মধ্যে ডীন, স্কুল অব বিজনেস-এর বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ঢাকা আঞ্চলিক কেন্দ্র ব্যতিত অন্যান্য আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে শুধুমাত্র ৮ম লেভেল এর শিক্ষার্থীদের তালিকা পাওয়া গেছে কিন্তু ৪র্থ লেভেল শিক্ষার্থীদের Viva-Voce ফরম পাওয়া যায়নি। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত Viva-Voce ফরম পাওয়ার পর মৌখিক পরীক্ষার সময়সূচী আপনার মাধ্যমে এবং বাউবি Web-site এর মাধ্যমে শিক্ষার্থীদের অবহিত করা হবে।

বিষয়টি সম্মানিত সমন্বয়কারী, সংশ্লিষ্ট কোর্সের টিউটর ও শিক্ষার্থীদের অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

**অনুলিপি:**

- ১। সকল সমন্বয়কারী, BBA প্রোগ্রাম, বাউবি।
- ২। সংরক্ষণ নথি।